

বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়

প্রেস বিজ্ঞপ্তি

তারিখঃ ১৭/০৩/২০১৮খ্রিঃ

জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৯৯তম জন্মদিন উদযাপন ও জাতীয় শিশু দিবস-
২০১৮ পালন উপলক্ষে আলোচনা সভা ও শিশু সমাবেশ অনুষ্ঠিত।

অদ্য (১৭ মার্চ, ২০১৮খ্রিঃ শনিবার) বিকাল ৪:০০টায় বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট -এর উদ্যোগে ট্রাস্টের সভাকক্ষে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৯৯তম জন্মদিন উদযাপন ও জাতীয় শিশু দিবস-২০১৮ পালন উপলক্ষে আলোচনা সভা আয়োজন করা হয়। ট্রাস্টের সচিব জয়দত্ত বড়ুয়া মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ট্রাস্টের ভাইস-চেয়ারম্যান মি. সূপ্ত ভূষণ বড়ুয়া। সভার শুরুতেই জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তাঁর পরিবারের সকল শহীদ ও মহান স্বাধীনতা যুদ্ধে নিহত শহীদ মুক্তিযোদ্ধাদের গভীরভাবে স্মরণ করা হয়।

সভায় জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর বন্যায় রাজনৈতিক ও সংগ্রামী জীবন এর উপর আলোচনা করেন বাংলাদেশ বৌদ্ধ কৃষ্টি প্রচার সংঘের সহ-সভাপতি ও সাবেক যুগ্ম-সচিব মি. রনজিত কুমার বড়ুয়া, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের উপ-সচিব ও প্রকল্প পরিচালক মোঃ সাখাওয়াত হোসেন, বাংলাদেশ বুদ্ধিস্ট ফেডারেশনের সাধারণ সম্পাদক ভিক্ষু সুনন্দপ্রিয়, বাংলাদেশ বৌদ্ধ যুব পরিষদের চেয়ারম্যান মি. রুপায়ন বড়ুয়া, সবুজবাগ থানার ৫নং ওয়ার্ড যুবলীগের সাধারণ সম্পাদক মি. রিপন বড়ুয়া ও বাংলাদেশ বৌদ্ধ সাংস্কৃতিক পরিষদের নির্বাহী সদস্য মি. অমল বড়ুয়া প্রমুখ নেতৃবৃন্দ।

ট্রাস্টের উপ-পরিচালক মি. শ্যামল মিত্র বড়ুয়া এর সঞ্চালনায় অনুষ্ঠিত সভায় সমাজের বিশিষ্ট ব্যক্তিবর্গসহ অসংখ্য শিশু-কিশোর উপস্থিত ছিলেন।

স্বাক্ষরিত/-
(জয়দত্ত বড়ুয়া)
সচিব
বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট